কালের কণ্ঠ

তারিখ ..25 NOV 2016......
পৃষ্ঠা ..১৯.. কলাম.... ৪......

এসএসসির ফরম পূরণ

# শিক্ষকের বেশি টাকা দাবি, ছাত্রের আত্মহননচেষ্টা

**পিরোজপুর প্রতিনিধি ▷**

পিরোজপুরের নাজিরপুরে এসএসসির ফরম পূরণে প্রধান শিক্ষকের দাবি অনুযায়ী অতিরিক্ত ফি দিতে ব্যর্থ হয়ে এক স্কুল ছাত্র আত্মহত্যার চেষ্টা চালানোর অভিযোগ পাওয়া গেছে। এ ঘটনার প্রতিকার চেয়ে ওই ছাত্রের মা উপজেলা নির্বাহী কর্মকর্তার কাছে লিখিত অভিযোগ করেছেন। অভিযোগ সূত্রে জানা গেছে, উপজেলা শাখারীকাঠি গ্রামের দিনমজুর কৃষ্ণ কান্ত মৃধার ছেলে কল্যাণ মৃধা এবারের এসএসসি পরীক্ষার্থী। স্কুলে টেস্ট পরীক্ষা চলাকালে শারীরিক অসুস্থতার কারণে কল্যাণ চার বিষয়ে অকৃতকার্য হয়। সে কারণে এসএসসির ফরম পূরণ করতে তার কাছে প্রধান শিক্ষক নিহার রঞ্জন মণ্ডল পাঁচ হাজার টাকা দাবি করেন। দিনমজুর বাবা ছেলের ফরম পূরণের পাঁচ হাজার টাকার ব্যবস্থা করতে না পেরে স্থানীয় ইউপি সদস্য মিরাজ মল্লিকের সহায়তায় এলাকা থেকে চাঁদা তুলে ছেলের ফরম পূরণ বাবদ প্রধান শিক্ষককে আড়াই হাজার টাকা দেন। তখন টাকা রেখেও ফরম পূরণের নির্ধারিত সময় শেষ হওয়ার পর গত বুধবার প্রধান শিক্ষক ওই ইউপি সদস্যকে ডেকে কল্যাণের ফরম পূরণ হবে না জানিয়ে টাকা ফেরত দেন। এ ঘটনা শুনে ওই দিনই কল্যাণ আত্মহত্যার চেষ্টা করে। কিন্তু পরিবারের লোকজন দেখে ফেলায় সে বেঁচে যায়। অভিযুক্ত প্রধান শিক্ষক নিহার রঞ্জন মণ্ডল জানান, অতিরিক্ত টাকা চাওয়ার বিষয়টি সত্য নয়। ওই ছাত্র টেস্ট পরীক্ষায় খারাপ ফল করেছে। তাই বোর্ডের নির্দেশনা অনুযায়ী তার ফরম পূরণ করা হয়নি।